গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
**বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম**
চিড়িয়াখানা রোড, মিরপুর-১
ঢাকা-১২১৬
www.bnh.gov.bd

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

## বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের ২০২০-২১ ইনোভেশন কার্যক্রমের অগ্রগতির উপর আয়োজিত ১ম পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ রাশেদুল হাকিম, প্রোগ্রামার ও ইনোভেশন অফিসার, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।
সভার তারিখ : ০৪ নভেম্বর ২০২০ খ্রি. সকাল ১১.৩০ টা ।
স্থান : সেমিনার কক্ষ, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম ।
উপস্থিতি : পরিশিষ্ট - ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার শুরুতে গত অর্থবছরের ইনোভেশন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে সকল সদস্যকে অবহিত করেন যে, গত ২৬ আগস্ট, ২০১৯ তারিখের ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত মোতাবেক ক) 'হারবেরিয়াম প্রাঙ্গনে সিসিটিভি ক্যামেরা স্থাপন করা' এবং খ) হারবেরিয়ামে ডিজিটাল হাজিরা পদ্ধতি চালু করা' এই ২ (দুই) টি কার্যক্রম পরিচালক মহোদয়ের সার্বিক দিকনির্দেশনা এবং সক্রিয় সহযোগীতায় ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে। নতুন অর্থ বছরের হারবেরিয়ামের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ মোতাবেক এর উদ্দেশ্য, বিষয়ের মান, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক সূচকের মান ও লক্ষ্যমাত্রা প্রভৃতি বিষয়ের উপর আলোচনার ধারাবাহিকতায় হারবেরিয়ামের নাগরিক সেবাসমূহ চিহ্নিতকরণ, ইনোভেশনের মাধ্যমে সহজীকরণ, এ সম্পর্কিত প্রশিক্ষণের আয়োজনের ব্যবস্থা গ্রহণ, অগ্রাধিকার ভিত্তিতে কমপক্ষে ৩টি সেবা সহজীকরণ যাতে সেবাগ্রহিতার সময়, খরচ ও ভিজিট সংখ্যা কমানো যায় সে সর্ম্পকে তিনি সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করেন। এরপর তিনি পর্যায়ক্রমে ইনোভেশনের বিষয়ভিত্তিক কার্যক্রম সভায় উপস্থাপনের জন্য ইনোভেশন কমিটির সদস্যদের অনুরোধ করেন। সকলে হারবেরিয়ামের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর আলোকে বিভিন্ন বিষয় আলোকপাত করেন এবং ঐক্যমতের ভিত্তিতে হারবেরিয়াম কর্তৃক প্রদত্ত ১০টি সেবা চিহ্নিত করেন যা নিম্নরূপ :

১। উদ্ভিদ নমুনা সনাক্তকরণ

২। উদ্ভিদ নমুনার এক্সেসেশন নম্বর প্রদান

৩। হারবেরিয়াম পরিদর্শন, গবেষণা অনুমতি ও সহযোগিতা প্রদান

৪। হারবেরিয়ামে সংরক্ষিত স্পেসিমেন এর তথ্য প্রদান

৫। উদ্ভিদ বৈচিত্র্য বিষয়ক তথ্য ও বৈজ্ঞানিক পরামর্শ প্রদান

৬। হারবেরিয়াম সংক্রান্ত প্রকাশনা বিক্রয়

৭। ট্যাক্সোনমিক রেফারেন্স বইয়ের ফটোকপি প্রদান

৮। ই- হারবেরিয়াম টেকনিকস্ এর উপর প্রশিক্ষণ প্রদান

৯। উদ্ভিদ শ্রেণীতত্ত্ব বিষয়ে উচ্চতর গবেষণায় সহায়তা প্রদান এবং

১০। সরকারি /বেসরকারী প্রতিষ্ঠানকে উদ্ভিদ বৈচিত্র্য বিষয়ক কারিগরী সেবা প্রদান

২। এই ১০টি সেবার মধ্য থেকে অগ্রাধিকার ভিত্তিতে ৩টি সেবা যথা: ১। উদ্ভিদ নমুনা সনাক্তকরণ, ২। উদ্ভিদ নমুনার এক্সেসেশন নম্বর প্রদান ও ৩। হারবেরিয়াম পরিদর্শন, গবেষণা অনুমতি ও সহযোগিতা প্রদান - ইনোভেশন কার্যক্রমের আওতায় বিএনএইচ মোবাইল অ্যাপ্স প্রস্তুতির অগ্রগতির বিষয় আলোচনা করেন এবং পাশাপাশি হারবেরিয়ামে সংরক্ষিত স্পেসিমেনে এর তথ্যাদি ইমেজসহ

ডিজিটাইজেশন করার অর্থাৎ 'ডিজিটাল হারবেরিয়াম' প্রস্তুতপূর্বক অনলাইনভিত্তিক সেবা প্রদানের কার্যক্রম কিভাবে প্রদান করা যায় সে ব্যাপারে কম্পিউটার বেইজড ডাটাবেজ এপ্লিকেশন প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সকলে ঐক্যমত প্রকাশ করেন। এ পরিকল্পনার আলোকে ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম এগিয়ে নিয়ে যাওয়া ও বাস্তবায়নের জন্য সভাপতি গুরুত্বারোপ করেন।

৩। সিদ্ধান্তসমূহ :

ক) হারবেরিয়ামের প্রদত্ত ৩টি সেবা যথা : ১। উদ্ভিদ নমুনা সনাক্তকরণ ২। উদ্ভিদ নমুনার একসেশন নম্বর প্রদান ও ৩। হারবেরিয়াম, গবেষণা অনুমতি ও সহযোগিতা প্রদানের জন্য ২০২০-২১ অর্থবছরের মধ্যে মোবাইল অ্যাপস তৈরীর কাজ সম্পন্ন করতে হবে;

খ) হারবেরিয়াম স্পেসিমেনের অনলাইনভিত্তিক তথ্য প্রাপ্তির লক্ষ্যে ২০২০-২১ অর্থবছরের মধ্যে 'ডিজিটাল হারবেরিয়াম' ডেক্সটপ/ল্যাপটপ বেইজড সফটওয়ার প্রস্তুতপূর্বক অনলাইনভিত্তিক সেবা প্রদান করতে হবে;

গ) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় অথবা অধীন অন্য কোন দপ্তর/সংস্থার সাথে হারবেরিয়ামে ইনোভেশন কার্যক্রমের উপর কমপক্ষে ১ দিনের প্রশিক্ষন/শিক্ষা সফর আয়োজন/অংশগ্রহণ করা;

সভায় আর কোন বিষয় অন্তর্ভূক্তি না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৪/১১/২০২০

(মোহাম্মদ রাশেদুল হাকিম)
প্রোগ্রামার ও ইনোভেশন অফিসার,
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

**বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম**

চিড়িয়াখানা রোড, মিরপুর-১,
ঢাকা-১২১৬

www.bnh.gov.bd

তারিখ : ০৪ নভেম্বর ২০২০

## ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ১ম সভায় সদস্যগণের উপস্থিতি তালিকা

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের ইনোভেশন কার্যক্রম অগ্রগতি পর্যালোচনা সভায় সদস্য হিসেবে অদ্য ০৪/১১/২০২০ খ্রিঃ সকাল ১১:৩০ ঘটিকায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা।

| ক্রমিক নং | নাম ও পদবী | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১. | নাইমুল [illegible]<br>[illegible] | 01913231675 | [signature]<br>4.11.2020 |
| ২. | [illegible] [illegible] ইসলাম<br>[illegible] | 01718257045<br>orchidaceae.islam@gmail.com | [signature]<br>০৪/১১/২০২০ |
| ৩. | মোঃ নাজমুল কবির<br>সহঃ [illegible] (শিক্ষা)<br>আ.দা. | 01710971924 | [signature]<br>০৪/১১/2020 |
| ৪. | শাহ মো: আহসান হাবীব<br>সি: হার্বেরিয়াম টেকনিশিয়ান | 01716591352 | [signature]<br>০৪/১১/২০২০ |
| ৫. | রোখসানা খানম<br>এসিস্টেন্ট লাইব্রেরিয়ান | 01610012340<br>rokhsanak275@gmail.com | RKhanam<br>04/11/2020 |
| ৬. | | | |
| ৭. | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
**বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম**
চিড়িয়াখানা রোড, মিরপুর-১
ঢাকা-১২১৬
www.bnh.gov.bd

নং-বান্যাহা-প্রশা:(ইনোভেশন)/২০২০/৩৭৪ তারিখ : ০১ নভেম্বর ২০২০

# সভার নোটিশ

বিষয়: **বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা সভা।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের উদ্ভাবনী (Innovation) উদ্যোগসমূহের অগ্রগতি বিষয়ক এক পর্যালোচনা সভা আগামী ০৪/১১/২০২০ তারিখ রোজ বুধবার সকাল ১১:৩০ ঘটিকায় হারবেরিয়ামের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় হারবেরিয়ামের পরিচালক মহোদয়ের অনুমতিক্রমে সভাপতিত্ব করবেন মোহাম্মদ রাশেদুল হাকিম, ইনোভেশন অফিসার ও প্রোগ্রামার, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।

উক্ত সভায় হারবেরিয়ামের ইনোভেশন টিমের সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

01/11/2020
(মোহাম্মদ রাশেদুল হাকিম)
ইনোভেশন অফিসার ও প্রোগ্রামার,
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

**বিতরণঃ**

১। জনাব মাহমুদা আকতার, সদস্য, ইনোভেশন টিম ও উর্ধ্বতন আর্টিষ্ট-কাম-ইলাস্ট্রেটর, বান্যাহা, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা।
২। জনাব খন্দকার কামরুল ইসলাম, সদস্য, ইনোভেশন টিম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বান্যাহা, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা।
৩। জনাব নাইমুর রহমান, সদস্য, ইনোভেশন টিম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বান্যাহা, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা।
৪। জনাব মো: নাজমুল কবীর, সদস্য, ইনোভেশন টিম, সহকারী পরিচালক (প্রশা:), বান্যাহা, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা।
৫। জনাব শাহ্ মো: আহসান হাবীব, সদস্য, ইনোভেশন টিম, সিনিয়র হার্বেরিয়াম টেশনিশিয়ান, বান্যাহা, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা।
৬। বেগম রোখসানা খানম, সদস্য, ইনোভেশন টিম, সহকারী লাইব্রেরীয়ান, বান্যাহা, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা।
৭। অফিস কপি।

**সদয় জ্ঞাতার্থে :**

১। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, ঢাকা।

1.11.20

C:\Users\Rashed\Desktop\Innovation2020-21\Innovation\Innovation_2019Meeting Notice.doc

01/11/20 01-11-2020 RKhanam 01/11/2020 01/11/2020